

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

টি এ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৩০ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/১৫ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ৩১০-আইন/২০২০।—Ports Act, 1908 (Act No. XV of 1908) এর section 4 এর sub-section (1) এর clause (a), sub-section (2) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বিগত ২৭ আশ্বিন ১৪১১ বঙ্গাব্দ মোতাবেক ১২ অক্টোবর ২০০৪ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৯৩-আইন/২০০৪ নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের তফসিলের পরিবর্তে নিম্নরূপ তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা :—

“তফসিল

বরগুনা নদী বন্দরের—

(ক) পশ্চিম সীমানা : খাগদন নদীর তীরে নদীর দক্ষিণ পাড়ে গ্রাম-বদরখালী, থানা-বরগুনা, জেলা-বরগুনা এবং উত্তর পাড়ে গ্রাম-খিজুরতলা, থানা-বরগুনা, জেলা-বরগুনা বরাবর নদীর উপর দিয়ে উত্তর দক্ষিণে আড়াআড়িভাবে অতিক্রমকারী ৯০°০৫' ১০" পূর্ব দ্রাঘিমা রেখা বরাবর বিস্তৃত;

(১১৮৩৯)

মূল্য : টাকা ৪.০০

- (খ) পূর্ব সীমানা : খাগদন নদীর তীরে নদীর দক্ষিণ পাড়ে গ্রাম-বরগুনা, বরগুনা পৌরসভা, থানা-বরগুনা, জেলা-বরগুনা (চরকলোনী ১ম ব্রীজ) এবং উত্তর পাড়ে গ্রাম-বড় গরিচনা, থানা-বরগুনা, জেলা-বরগুনা বরাবর খাগদন নদী আড়াআড়িভাবে অতিক্রমকারী ৯০°০৭' ২১" পূর্ব দ্রাঘিমা রেখা বরাবর বিস্তৃত; এবং
- (গ) ভূ-ভাগের সীমানা : উপরি-উক্ত নদী বন্দর সীমানার আওতায় নদীর উভয় তীরে সাধারণ ভরাকটাল (Ordinary Spring Tide) এর সর্বোচ্চ পানি সমতল (High Water Mark) হইতে ভূ-ভাগের দিকে ৫০ (পঞ্চাশ) গজ (Yard) পর্যন্ত।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস এম শাহ্ হাবিবুর রহমান হাকিম
উপসচিব।